



## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-২১), ৮ রাজউক এডিনিউ, ঢাকা-১০০০।

### ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট

#### **বিষয়ঃ আইসিবি ইউনিট সার্টিফিকেট এর লভ্যাংশপত্র বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

আইসিবি-র ব্যবস্থাস্থানে পরিচালিত ‘আইসিবি ইউনিট ফান্ড’ এর ২০১৭-২০১৮ অর্থবছর সমাপ্তিতে ৩০ জুন, ২০১৮ তারিখে রেজিস্টারভুক্ত সম্মানিত ইউনিট ধারকগণের জন্য ইউনিট প্রতি ৪০.০০ টাকা লভ্যাংশ ঘোষণা করা হয়েছে। প্রাপ্য লভ্যাংশ/লভ্যাংশপত্রসমূহ বিতরণ ও গ্রহণের নিমিত্ত নিম্নোক্ত বিষয়াদি (Subject Matter) সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে প্রদত্ত হলো:

- সম্মানিত ইউনিট ধারকগণ নিজে বা তাঁর মনোনীত প্রতিনিধিকে ক্ষমতা অর্পণপত্র (Authorization Letter) সহ ইউনিট ফান্ড ডিপার্টমেন্টের উপরোক্ত কার্যালয় হতে আগামী ০৮.০৮.২০১৮ তারিখ হতে ০৬.০৯.২০১৮ তারিখ পর্যন্ত সকাল ১০:৩০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে হাতে হাতে লভ্যাংশপত্র সংগ্রহের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- আইসিবি শাখা কার্যালয়সমূহ হতে ক্রয়কৃত ইউনিট ধারকগণ স্ব-স্ব শাখা কার্যালয় হতে লভ্যাংশপত্র গ্রহণ করতে পারবেন।
- আইসিবি মনোনীত সংশ্লিষ্ট ব্যাংক ও তাদের শাখা কার্যালয় হতে ক্রয়কৃত ইউনিট ধারকগণকে লভ্যাংশপত্র সংগ্রহের জন্য লিখিত আবেদনপত্রে ব্যাংকের স্ব-স্ব কার্যালয় হতে ‘স্বাক্ষর’সত্যায়নপূর্বক আগামী ০৮.০৮.২০১৮ তারিখ হতে ০৬.০৯.২০১৮ তারিখের মধ্যে আইসিবি ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা হতে লভ্যাংশপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- আগামী ০৬.০৯.২০১৮ তারিখের পর অবিতরণকৃত লভ্যাংশপত্রসমূহ ইউনিট ধারকগণের প্রদত্ত ঠিকানায় রেজিস্টার্ড এ/ডি যোগে প্রেরণ করা হবে।
- **Online System** এ আবেদনকৃত ইউনিট ধারকগণের প্রাপ্য লভ্যাংশ স্ব-স্ব ব্যাংক হিসাবে ১২.০৮.২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করা হবে।

ধনঞ্জয় কুমার মজুমদার  
সহকারী মহাব্যবস্থাপক  
ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট  
ফোনঃ ৯৫৬১০৭৪, ৯৫৬৩৯৮৯।